BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2022-23

## BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

### একক - ১

(ক) রূপক অলঙ্কার কাকে বলে ? এই অলঙ্কার কয় প্রকার ? যে-কোনো তিনটি রূপক অলঙ্কার উদাহরণসহ আলোচনা করো। ৩+২+৫

(খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০

ছেকানুপ্রাস, স্মরণোপমা, ব্যাজস্তুতি, ভ্রান্তিমান।

### একক - ২

(গ) নিম্নোক্ত যে-কোনো ***দুটি*** কাব্যাংশের অলঙ্কার নির্ণয় করোঃ ৫×২ = ১০

(অ) হাওয়ার মুখে ছুটল ভাঙা কুঁড়ের চাল
শিকল ছেঁড়া কয়েদী ডাকাতের মতো।

(আ) চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে
আগুনে কথা।

(ই) স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে,
কে বাঁচিতে চায় ?

(ঈ) এখনো খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে; আয়, আয় আয়।

### একক - ৩

(ঘ) মিশ্রবৃত্ত ছন্দ (মিশ্রকলাবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান) ছন্দোরীতির সংজ্ঞা বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০

অক্ষর, মাত্রা, পর্ব, মুক্তক ছন্দ।

BARASAT GOVT COLLEGE *10 K N C Road, Barasat, Kol-124* LIBRARY

একক - ৪

(চ) নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

(অ) কন্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥

(আ) একলা হয়ে দাঁড়িয়ে আছি
তোমার জন্য গলির কোণে
ভাবি আমার মুখ দেখাব
মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে।

BARASAT GOVT COLLEGE *10 K N C Road, Barasat, Kol-124* LIBRARY

(ই) ঘুমুলে তোমাকে দেব মাঝে মাঝে হঠাৎ দেখা
দিওনা দরজা বাইরে রেখোনা আমারে একা।

(ঈ) আমি ব্রাত্য, আমি মন্ত্রহীন,
দেবতার বন্দীশালায়
আমার নৈবেদ্য পৌঁছল না।
আজ আপন মনে ভাবি,
"কে আমার দেবতা,
কার করেছি পূজা ?"

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) অপহ্নুতি ও প্রতীপ অলঙ্কারের মধ্যে পার্থক্য নির্ণয় করো।

(খ) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি,
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।
— কাব্যাংশে প্রযুক্ত অলঙ্কারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

(গ) 'সনেট'-এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।
— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

লক্ষ্য বিশ্বায়ন

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2022-23

## BNGACOR06T-BENGALI (CC6)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও (অনধিক ৩০০ শব্দে)** ১০×৪ = ৪০

### একক - ১

১। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে লেবেডফ ও বেঙ্গলি থিয়েটারের গুরুত্ব নির্ণয় করো। ১০

**অথবা**

ঠাকুরবাড়ির জোড়াসাঁকো থিয়েটারে ‘কমিটি অফ ফাইভ’ কারা ছিলেন ? এই নাট্যশালায় অভিনীত নাটকগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ২+৮

### একক - ২

২। ‘কৃষ্ণকুমারী’ নাটকে ঐতিহাসিক উপাদান নাটককার মধুসূদন দত্ত কীভাবে ব্যবহার করেছেন আলোচনা করো। ১০

**অথবা**

‘কৃষ্ণকুমারী’ নাটকের নায়িকা হিসাবে কৃষ্ণকুমারী চরিত্রটি পর্যালোচনা করো। ১০

### একক - ৩

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘রাজা’ কোন্ শ্রেণীর নাটক — তা আলোচনা করো। ১০

**অথবা**

‘রাজা’ নাটকের সুদর্শনা ও সুরঙ্গমা দুই বিপরীতমুখী চরিত্র — এই বিষয়ে আলোচনা করো। ১০

### একক - ৪

৪। ‘নবান্ন’ নাটকের সমাজ-বাস্তবতা বিষয়ে আলোচনা করো। ১০

**অথবা**

‘নবান্ন’ নাটকের নারীচরিত্রগুলি সম্পর্কে আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

৫। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×

(ক) ন্যাশনাল থিয়েটার কবে, কোথায় প্রতিষ্ঠিত হয় ? এই থিয়েটারে প্রথম কোন্ নাটক অভিনীত হয় ? সেই নাটকে কারা অভিনয় করেছিলেন সে বিষয়ে আলোকপাত করো।

(খ) 'যেখানে কন্যা, সেখানেই এ যাতনা সহ্য করতে হয়' — প্রসঙ্গ উল্লেখ করে, উক্তিটির মধ্যে প্রতিফলিত সমাজ-বাস্তবতার পরিচয় দাও।

(গ) 'ও মালাও যে আমার, নইলে সে পাবে কোথা থেকে ? সে আমার ঘর থেকে চুরি করে এনেছে।' — বক্তা কে ? বক্তব্যটির মর্মার্থ বিচার করো।

(ঘ) 'তোমরা কি সব বধির হয়ে গেছ বাবু – কিছু কানে শোন না ? অন্তর কি সব তোমাদের পাষাণ হয়ে গেছে বাবু !' — মন্তব্যটি কার ? প্রসঙ্গ বিচার করো।

———×———

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2022-23

## BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্ন মানের নির্দেশক*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

(ক) "আমরা যদি পরাণ মণ্ডলের কথা পাড়িলাম, তবে তাহার দুঃখের পরিচয় কিঞ্চিৎ সবিস্তারে না দিয়া থাকিতে পারি না।" — পরাণ মণ্ডল কে ? তার দুঃখের যে পরিচয় 'সাম্য' প্রবন্ধে লেখক ব্যক্ত করেছেন তা সংক্ষেপে আলোচনা করো। — ১+৯

অথবা

(খ) নারীর বিদ্যাশিক্ষা এবং বিধবা নারীর পুনর্বিবাহ সম্পর্কে 'সাম্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের বক্তব্য সংক্ষেপে পর্যালোচনা করো। — ৫+৫

**একক - ২**

(গ) 'বিশ্বপরিচয়' গ্রন্থের অন্তর্গত 'পরমাণুলোক' প্রবন্ধে লেখক আমাদের পঞ্চ-ইন্দ্রিয় এবং অণু-পরমাণু নিয়ে প্রাথমিক যে কথা বলেছেন, তা সংক্ষেপে আলোচনা করো। — ৩+৭

অথবা

(ঘ) 'বিশ্বপরিচয়' গ্রন্থের অন্তর্গত 'নক্ষত্রলোক' প্রবন্ধে চার প্রকার নক্ষত্র সম্বন্ধে যা বলা হয়েছে, তা সংক্ষেপে বর্ণনা করো। — ১০

**একক - ৩**

(ঙ) "সাহিত্যচর্চা যে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ সে বিষয়ে সন্দেহ নেই।" — 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী কেন একথা বলেছেন তা আলোচনা করো। — ১০

অথবা

(চ) বর্ষাপ্রকৃতি মানবের প্রাণে যে সজীবতা ও আনন্দানুভূতির সঞ্চার করে তা 'বর্ষা' প্রবন্ধে কীভাবে অভিব্যক্ত হয়েছে ? — ১০

**একক - ৪**

(ছ) "সেই রাতে একটা ইংরিজি কথা জানলেম — 'সাইক্লোন' " — 'সাইক্লোন' রচনায় শৈশবের নানা স্মৃতিচারণের সূত্রে অবনীন্দ্রনাথ এই সাইক্লোনের যে অভিজ্ঞতা বিবৃত করেছেন তার পরিচয় দাও। — ১০

অথবা

(জ) 'আপন কথা' গ্রন্থে লেখকের প্রকাশভঙ্গির বিশেষত্ব আলোচনা করো। — ১০

২। যে-কোনো **দুটি** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×২ = ১০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হওয়া বাঞ্ছনীয়)

(ক) 'পৃথিবীতে যত প্রকার সামাজিক বৈষম্যের উৎপত্তি হইয়াছে ভারতবর্ষের পূর্বকালিক বর্ণবৈষম্যের ন্যায় গুরুতর বৈষম্য কখন কোন সমাজে প্রচলিত হয় নাই।' — কথাটির তাৎপর্য আলোচনা করো। ৫

(খ) দুটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লেখোঃ ২.৫+২.৫
বুধগ্রহ, শুক্রগ্রহ, মঙ্গলগ্রহ

(গ) 'ইংরেজি শিক্ষার গুণেই আমরা দেশের লুপ্ত অতীতের পুনরুদ্ধারকল্পে ব্রতী হয়েছি।' — 'সবুজপত্রের মুখপত্র' প্রবন্ধে লেখকের এই মন্তব্যটি ব্যাখ্যা করো। ৫

(ঘ) 'আপন কথা' গ্রন্থে সমসের কোচম্যানের বিচিত্র বেশভূষা ও পোশাক পারিপাট্যের পরিচয় দাও। ৫

——×——

BARASAT GOVT COLLEGE *10 K N C Road, Barasat, Kol-124*
LIBRARY

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

লক্ষ্যং বিশ্বমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2021-22

## BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) উপমা অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ উপমা অলঙ্কারের বিভিন্ন বিভাগ সম্পর্কে আলোচনা করো। ২+৮

**অথবা**

(খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০

(অ) শ্লেষ-বক্রোক্তি (আ) প্রতীয়মানোৎপ্রেক্ষা (ই) অতিশয়োক্তি (ঈ) বিষম

**একক - ২**

(গ) নিম্নোক্ত যে-কোনো ***দুটি*** কাব্যাংশের অলঙ্কার নির্ণয় করোঃ ৫×২ = ১০

(অ) আবরিছে দিননাথে ঘন ঘনরূপে।

(আ) ডুব দে রে মন কালী বলে
হৃদি-রত্নাকরের অগাধ জলে।

(ই) এ পুরীর পথমাঝে যত আছে শিলা
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর !

(ঈ) বৈরাগ্যসাধনে মুক্তি সে আমার নয়
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।

(উ) এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি !
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

**একক - ৩**

(ঘ) সরল কলাবৃত্ত (বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান) ছন্দোরীতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০

প্রস্বর, যতি, পংক্তি, গদ্যছন্দ

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

একক - ৪

(চ) নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

(অ) অঙ্কুর তপন-তাপে যদি জারব
কি করব বারিদ মেহে।
এ নব যৌবন বিরহে গোঙায়ব
কি করব সো পিয়া লেহে॥

(আ) শ্রাবণের মেঘ কালো হয়ে নামে বনের শিরে
খর বিদ্যুৎ রাতের বক্ষ দিতেছে চিরে,
দূর হতে শুনি বারুণী নদীর তরল রব –
মন শুধু বলে, অসম্ভব এ অসম্ভব।

(ই) এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়।
কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে;
তবুও তোমার কাছে আমার হৃদয়।

(ঈ) আমরা যেন বাংলাদেশের
চোখের দুটি তারা।
মাঝখানে নাক উঁচিয়ে আছে
থাকুক গে পাহারা।

(উ) জল কি তোমার কোনো ব্যথা বোঝে ? তবে কেন, তবে কেন
জলে কেন যাবে তুমি নিবিড়ের সজলতা ছেড়ে ?
জল কি তোমার বুকে ব্যথা দেয় ? তবে কেন, তবে কেন
কেন ছেড়ে যেতে চাও দিনের রাতের জলভার ?

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) প্রতিবস্তূপমা ও দৃষ্টান্ত অলঙ্কারের মধ্যে পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

(খ) বৃষ্টিছলে গগন কাঁদিলা।
— এই অংশে প্রযুক্ত অলঙ্কারের ব্যাখ্যা করো। ৫

(গ) পয়ার রূপবন্ধ বলতে কী বোঝায় ? একটি দলবৃত্ত পয়ারের উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) বড়ো বড়ো মস্তকের পাকা শস্যখেত
বাতাসে দুলিছে যেন শীর্ষ-সমেত।
— এই অংশের ছন্দোলিপি প্রণয়ন করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2021-22

## BNGACOR06T-BENGALI (CC6)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও (অনধিক ৩০০ শব্দে)** ১০×৪ = ৪০

**একক – ১**

১। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব নির্ণয় করো। ১০

**অথবা**

নাট্য নিয়ন্ত্রণ বিলটির উদ্দেশ্য কি ছিল ? বাংলা নাটক ও রঙ্গমঞ্চের ইতিহাসে এর প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০

**একক – ২**

২। ‘কৃষ্ণকুমারী’ নাটকটির নামকরণ কতটা সার্থক হয়ে উঠেছে তা আলোচনা করো। ১০

**অথবা**

নিষ্ক্রিয় নায়ক হিসেবে সমালোচিত হলেও ভীমসিংহ ‘কৃষ্ণকুমারী’ নাটকের কেন্দ্রীয় চরিত্র – আলোচনা করো। ১০

**একক - ৩**

৩। ‘রাজা’ নাটকে গানের ব্যবহার কতখানি সার্থক – আলোচনা করো। ১০

**অথবা**

রবীন্দ্রনাথ ঠাকুরের এমন আরো দুটি নাটকের নাম লেখো যেখানে ঠাকুরদা চরিত্র আছে। ‘রাজা’ নাটকেই ঠাকুরদা চরিত্রের পূর্ণবিকাশ লক্ষ করা যায় – ব্যাখ্যা দাও। ২+৮ = ১০

**একক - ৪**

৪। “ ‘নবান্ন’ একইসঙ্গে প্রতিবাদ ও প্রতিরোধের নাটক।” – নাট্যবস্তু বিশ্লেষণ করে এই মন্তব্যের সারবত্তা আলোচনা করো। ১০

**অথবা**

‘নবান্ন’ নাটকে কুঞ্জ চরিত্রের ভূমিকা আলোচনা করো। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (অনধিক ১৫০ শব্দে) ৫×২= ১০

(ক) যে-কোনো ***একটি*** বিষয়ে টীকা লেখোঃ ৫×১= ৫

(অ) জোড়াসাঁকো নাট্যশালা, (আ) নবনীচন্দ্র বসু নাট্যশালা, (ই) বেঙ্গলি থিয়েটার।

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

(খ) 'কাকা, এমন জীব নাই, যে বিধাতা তার অদৃষ্টে মরণ লেখেন নাই। কিন্তু সকলের ভাগ্যে মৃত্যু যশোদায়ক হয় না।' – প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির মর্মার্থ বিচার করো। ৫

(গ) 'তোমার সাধ তো মিটেছে, আমাকে তো আজ দেখে নিলে' – কে, কাকে দেখেছে? উক্তিটি বিশ্লেষণ করো। ১+১+৩= ৫

(ঘ) 'আজ আমাদের নবান্নের উৎসব' – ব্যাখ্যা করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2021-22

## BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক - ১**

(ক) ‘এক্ষণে জমীদারদিগের পক্ষে কয়েকটি কথা বলিবার প্রয়োজন আছে’– ‘সাম্য’ গ্রন্থ অবলম্বনে প্রাবন্ধিকের মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(খ) ‘পৃথিবীতে তিনবার আশ্চর্য্য ঘটনা ঘটিয়াছে।’ – প্রথম দুটি আশ্চর্য ঘটনা কিভাবে সাম্যবাদ প্রতিষ্ঠায় সহায়ক হয়েছিল, প্রবন্ধ অনুসরণে তা ব্যাখ্যা করো। ১০

**একক - ২**

(গ) ‘বিশ্বপরিচয় গ্রন্থে ভাষার যে স্বাচ্ছন্দ্য লক্ষ করা যায় তা বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এক অনন্য নজির’– প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**অথবা**

(ঘ) ‘চৈতন্যের এই মুক্তির অভিব্যক্তিই বোধ করি সৃষ্টির শেষ পরিণাম।’– ‘বিশ্বপরিচয়’ গ্রন্থের উপসংহার অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

**একক - ৩**

(ঙ) ‘ভারতচন্দ্র’ প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের শিল্পী প্রতিভার যে মূল্যায়ন করেছেন,তা আলোচনা করো। ১০

**অথবা**

(চ) সাহিত্যিক প্রমথ চৌধুরীর সমাজ-বীক্ষার অন্যতম পরিচয় ‘রায়তের কথা’ প্রবন্ধটি আলোচনা করো। ১০

**একক - ৪**

(ছ) ‘কোন গাঁয়ের কোন ঘর ছেড়ে এসেছিল অন্ধকারের মতো কালো আমার পদ্মদাসী।’– অবনীন্দ্রনাথ ঠাকুরের শিশুমনে কীভাবে আলো ছড়িয়ে দিয়েছিল কালো পদ্মদাসী, আলোচনা করো। ১০

**অথবা**

(জ) ‘আপন কথা বাংলা সাহিত্যে এক অনন্য সৃষ্টি’– মন্তব্যটির আলোয় গ্রন্থটির শ্রেণি নির্ণয় করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) 'সাম্য' গ্রন্থে ভারতীয় নারীর উন্নতিকল্পে প্রাবন্ধিক কী কী প্রস্তাব দিয়েছেন ? ৫

(খ) ভোরবেলায় সূর্যের দিকে তাকালে যে কালো কালো দাগ দেখা যায়, সে সম্পর্কে 'বিশ্বপরিচয়' গ্রন্থে প্রাবন্ধিকের বক্তব্য পরিস্ফুট করো। ৫

(গ) 'সেকালে বই পড়াটা ছিল বিলাসের একটা অঙ্গ।'– 'বই পড়া' প্রবন্ধ অনুসারে মন্তব্যটির ব্যাখ্যা করো। ৫

(ঘ) 'একটা ইংরিজি কথা জানলেম – সাইক্লোন'– 'আপন কথা' গ্রন্থ অবলম্বনে গভীর রাতের সেই সাইক্লোনের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

लक्ष्यं विश्वमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2020, held in 2021

## BNGACOR05T-BENGALI (CC5)

### বাংলা ছন্দ-অলংকার : সংজ্ঞা স্বরূপ ও নির্ণয়

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০× ৪ = ৪০

**একক - ১**

(ক) যমক অলংকার কাকে বলে ? উদাহরণসহ যমক অংলকারের বিভাগগুলি আলোচনা করো।　　১০

**অথবা**

(খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো ***দুটি***)　　৫×২ = ১০

(অ) নিরঙ্গ রূপক　(আ) শ্লেষ　(ই) দৃষ্টান্ত　(ঈ) অর্থান্তরন্যাস

**একক - ২**

(গ) নিম্নোক্ত কাব্যাংশের যে-কোনো ***দুটির*** অলংকার নির্ণয় করোঃ　　৫×২ = ১০

(অ) কালো জল ঢালতে সই কালা পড়ে মনে।

(আ) তাহার দুটি পালন করা ভেড়া
চড়ে বেড়ায় মোদের বটমূলে
যদি ভাঙে আমার ক্ষেতের বেড়া
কোলের পরে নিই তাহারে তুলে।

(ই) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ
মৌন অপমানে।

(ঈ) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(উ) দুই ধারে এ কি প্রাসাদের সারি ? অথবা তরুর মূল ?
অথবা এ শুধু আকাশ জুড়িয়া আমারি মনের ভুল ?

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

**একক - ৩**

(ঘ) মিশ্রকলাবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও। ২+৮

**অথবা**

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২ = ১০

অক্ষর, কলা, চরণ, মুক্তক ছন্দ।

**একক - ৪**

(চ) নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

(অ)
দুই পাশে দুই অন্ধকার মধ্যিখানে চড়া
মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা
হাতের উপর লক্ষ রেখা, রেখায় ছোটে জল
জলে ভাসছে গাছের পাতা, পাতায় উঠি চল।

(আ)
যে প্রেম পথের মধ্যে পেতেছিল নিজ সিংহাসন
তার বিলাসের সম্ভাষণ
পথের ধূলার মতো জড়ায়ে ধরেছে তব পায়ে
দিয়েছে তা ধূলিরে ফিরায়ে।

(ই)
বহুদিন হল কোন্ ফাল্গুনে ছিনু আমি তব ভরসায়
এলে তুমি ঘন বরষায়।

(ঈ)
কন্টক গাড়ি কমল-সম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥

(উ)
প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে।
খোয়াব তনুর তরী প্রবাস-সাগরে॥
যদি কালী কূল দেন কুলে আগমন
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন॥

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) অপহ্নুতি ও প্রতীপ অংলকারের মধ্যে পার্থক্য কোথায় উদাহরণসহ লেখো। ৫

(খ) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি, ১+৪
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।

– কাব্যাংশে প্রযুক্ত অলংকারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

(গ) অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) কিনু গোয়ালার গলি। ২+৩

দোতলা বাড়ির

লোহার-গরাদে-দেওয়া একতলা ঘর

পথের ধারেই।

লোনা-ধরা দেয়ালেতে মাঝে মাঝে ধসে গেছে বালি,

মাঝে মাঝে স্যাঁতা-পড়া দাগ।

– ছন্দের রীতি ও প্রকৃতি উল্লেখ করে উদ্ধৃতাংশটির ছন্দোলিপি প্রণয়ন করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

লক্ষ্যং বিজ্ঞানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2020, held in 2021

## BNGACOR06T-BENGALI (CC6)

### বাংলা নাটক ও রঙ্গমঞ্চ

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে *একটি* করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও (শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

**একক - ১**

১। কবে, কোথায়, কাদের উদ্যোগে ন্যাশনাল থিয়েটার প্রতিষ্ঠিত হয় ? যে নাটক অভিনয়ের মাধ্যমে এই নাট্যশালার সূচনা তার অভিনয় ইতিহাস সংক্ষেপে লিপিবদ্ধ করো। ৩+৭

**অথবা**

জোড়াসাঁকো নাট্যশালা কবে প্রতিষ্ঠিত হয় ? কমিটি অফ ফাইভে কারা ছিলেন ? এই থিয়েটারে যে যে নাটক অভিনীত হয়েছিল সেগুলির অভিনয় বৃত্তান্ত লেখো। ১+২+৭

**একক – ২**

২। কৃষ্ণকুমারী একটি সার্থক ঐতিহাসিক ট্র্যাজেডি — আলোচনা করো। ১০

**অথবা**

‘কৃষ্ণকুমারী’ নাটকের মদনিকা ও বিলাসবতী চরিত্র দুটির সঙ্গে শূদ্রকের কোন নাটকের কোন চরিত্র দুটির সাদৃশ্য আছে ? মদনিকা ও বিলাসবতী চরিত্র দুটির নাট্যগত উপযোগিতা আলোচনা করো। ৩+৭

**একক - ৩**

৩। ‘রাজা’ নাটকের উৎস কী ? এই নাটকের অভিনয়যোগ্য সংস্করণের নাম কী ? এই নাটকের শ্রেণিরূপ বিচার করো। ১+১+৮

**অথবা**

‘রাজা’ নাটকের সুদর্শনা ও সুরঙ্গমা চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো। ১০

**একক - ৪**

৪। পঞ্চাশের মন্বন্তর ও সমকালীন সামাজিক প্রেক্ষাপট ‘নবান্ন’ নাটকে যেভাবে প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও। ১০

**অথবা**

‘নবান্ন’ নাটকের সংলাপের অভিনবত্ব ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২= ১০

(ক) যে-কোনো ***একটি*** বিষয় সম্পর্কে টীকা লেখোঃ ৫×১=৫
(অ) বাগবাজার এমেচার থিয়েটার (আ) গণনাট্য (ই) নবনাট্য

(খ) 'আমি ত তোমার কাকা নই, আমি চণ্ডাল, আমি তোমার কাল হয়ে এসেছিলাম' - কে, কাকে এই উক্তি করেছে ? বক্তার এরূপ উক্তির কারণ কী ? ১+১+৩

(গ) 'আমি কারও প্রণাম গ্রহণ করি নে।
আমার সঙ্গে সকলের হাসির সম্বন্ধ।' ১+১+১+২
— কে, কাকে বলেছে ? কোন প্রসঙ্গে এরূপ মন্তব্য ? 'হাসির সম্বন্ধ' বলতে বক্তা কী বুঝিয়েছেন ?

(ঘ) 'তা ভালো কঙ্কালের ছবির কারবার' – বক্তা কে ? কার উদ্দেশে এরূপ উক্তি ? বক্তার মনোভাব বিশ্লেষণ করো। ১+১+৩

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2020, held in 2021

## BNGACOR07T-BENGALI (CC7)

### বাংলা গদ্য ও প্রবন্ধ

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১০×৪ = ৪০

**একক - ১**

(ক) পুরুষ ও নারীর অধিকারের সাম্য প্রতিষ্ঠার জন্য বঙ্কিমচন্দ্র কী কী প্রস্তাব করেছেন — সাম্য প্রবন্ধ গ্রন্থ অনুসরণে আলোচনা করো। ১০

**অথবা**

(খ) সাম্য প্রবন্ধ গ্রন্থে বঙ্কিমচন্দ্র উত্তরকালের সাম্য ভাবনাকে পরিত্যাগ করেছিলেন বলে কি তোমার মনে হয় — সে বিষয়ে আলোকপাত করো। ১০

**একক - ২**

(গ) 'বিশ্বপরিচয়' গ্রন্থটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছেন ? উৎসর্গপত্রে রচনার উদ্দেশ্য সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্য কী ছিল আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) আমাদের প্রতিদিনের চেনা সূর্যের অচেনা জগৎ সম্পর্কে রবীন্দ্রনাথ যে পাঠ দিয়েছেন পাঠ্য প্রবন্ধগুলি অনুসরণে তার পরিচয় দাও। ১০

**একক - ৩**

(ঙ) প্রমথ চৌধুরীর প্রবন্ধ মানেই শাণিত গদ্যের প্রয়োগ — পাঠ্য প্রবন্ধগুলিতে তার পরিচয় কেমন করে পাওয়া যায় দেখাও। ১০

**অথবা**

(চ) 'তেল নুন লকড়ি' প্রবন্ধ অবলম্বনে দুই সভ্যতার তুলনা উদাহরণসহ আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

**একক - ৪**

(ছ) 'আপন কথা' গ্রন্থে অবনীন্দ্রনাথ জীবনীসাহিত্যে ঘরোয়া কথনভঙ্গির যে স্বাদ এনেছেন তার পরিচয় দাও। ১০

**অথবা**

(জ) 'উত্তরের ঘর' প্রবন্ধে চিত্রশিল্পী অবনীন্দ্রনাথ রসরচনাকার অপেক্ষা অনেক বেশি প্রত্যক্ষ — আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২= ১০

(ক) ''যে বৈষম্য প্রাকৃতিক নিয়মের অধীন তাই প্রকৃত বৈষম্য'' – কেন ? সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

(খ) 'বিশ্বপরিচয়' ছাড়া রবীন্দ্রনাথের বিজ্ঞানমনস্কতার পরিচয় পাওয়া যায় এমন দুটি নিদর্শন ব্যাখ্যাসহ উল্লেখ করো। ৫

(গ) ''ভারতচন্দ্র যা দিয়ে তা ঢাকা দিতে গিয়েছিলেন তাতেই তা ফুটে উঠেছে'' – ভারতচন্দ্র কী দিয়ে কী ঢাকা দিতে গিয়েছিলেন আর কেনই বা তা করতে সক্ষম হলেন না ? ২+৩

(ঘ) 'আপনকথা' গ্রন্থে রামলাল চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BNGACOR05T-BENGALI (CC5)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক - ১

১। অনুপ্রাস অলংকারের সংজ্ঞা দাও। দৃষ্টান্ত উল্লেখপূর্বক অনুপ্রাসের প্রত্যেকটি শ্রেণির ব্যাখ্যা করো। ৩+৭=১০

**অথবা**

উপযুক্ত উদাহরণ সহযোগে প্রতিবস্তূপমা ও দৃষ্টান্ত অলংকারের আলোচনা করো। ৫+৫=১০

### একক - ২

২। নিম্নোক্ত কাব্যাংশের মধ্যে যে-কোনো ***দুটির*** অলংকার নির্ণয় করোঃ ৫×২=১০

(ক) এখনি অন্ধ বন্ধ করো না পাখা।

(খ) বসুন্ধরা, দিবসের কর্ম-অবসানে,
দিনান্তের বেড়াটি ধরিয়া আছে চাহি
দিগন্তের পানে।

(গ) মেঘ নাই তবু অঝোরে ঝরিল জল,
ফুল ফুটিল না আপনি ধরিল ফল;–
স্বপনেও কভু ভাবি নাই, প্রিয়তম,
এমনি করিয়া সহসা আসিয়া নয়ন জুড়াবে মম।

(ঘ) নবদূর্ব্বাদলশ্যাম রামে নিরখিয়া
ময়ূর নীরদ ভ্রমে উঠিল নাচিয়া।

### একক - ৩

৩। স্বরবৃত্ত বা দলবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। উপযুক্ত উদাহরণ সহযোগে এর বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করো। ২+৮=১০

**অথবা**

সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫×২=১০

পর্ব, মাত্রা, যতি, দল, পংক্তি

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

একক - ৪

৪। ছন্দোলিপি নির্ণয় করোঃ (যে-কোনো *দুটি*) ৫×২=১০

(ক) বৃষ্টিভেজা বাড়ির মতো রহস্যময়
তোমার হাতে আছে আমার একটু সময়
কতদিনের কত রাতের ঝাপসা তুলির
রঙে রেখায় আঁকা আমার একটু সময়।

(খ) আমারে ধরিতে যেই এল ছোট কাকা
স্বপনে গেলাম উড়ে মেলে দিয়ে পাখা।
দুই হাত তুলে কাকা বলে, থামো থামো,
যেতে হবে ইস্কুলে এই বেলা নামো।

(গ) হৃদয়-বেদনায় শূন্য বিছানায়
বুঝি মা আঁখিজলে রজনী জাগো।
কুসুম তুলি লয়ে প্রভাতে শিবালয়ে
প্রবাসী তনয়ার কুশল মাগো।

(ঘ) ত্যজি ধনুঃ, নিষ্কোষিলা অসি মহাতেজাঃ
রামানুজ ; ঝলসিলা ফলক আলোকে
নয়ন! হায়রে, অন্ধ অরিন্দম বলী
ইন্দ্রজিৎ, খড়্গাঘাতে পড়িলা ভূতলে
শোণিতার্দ্র।

৫। যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা ১৫০ শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়) ৫×২=১০

(ক) উপমা ও রূপক অলংকারের পার্থক্য কোথায় – উদাহরণসহ লেখো। ২.৫+২.৫=৫

(খ) চিরসুখীজন ভ্রমে কি কখন ৪+১=৫
ব্যথিত বেদন বুঝিতে পারে ?
কি যাতনা বিষে বুঝিবে সে কিসে,
কভু আশীবিষে দংশেনি যারে ?

– কাব্যাংশে প্রযুক্ত অলংকারটির নাম বলো এবং ব্যাখ্যা করো। এটি কোন শ্রেণির অলংকারের অন্তর্ভুক্ত ?

(গ) পয়ার ছন্দের শোষণ শক্তি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ৫

(ঘ) গগনে অবঘন মেহ দারুণ ১+৪=৫
সঘনে দামিনী চমকই।
কুলিশ পাতন শব্দ ঝনঝন
পবন খরতর বলগই॥

– কোন রীতির ছন্দ ? ছন্দোলিপি নির্মাণ করো।

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BNGACOR06T-BENGALI (CC6)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও *চারটি* প্রশ্নের উত্তর দাও**
**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক - ১

১। কার উদ্যোগে, কবে, কোথায় 'বেঙ্গলী থিয়েটার' স্থাপিত হয়েছিল ? এই থিয়েটারে অভিনীত নাটকের ইতিহাস সংক্ষেপে বিবৃত করো। ৩+৭=১০

**অথবা**

নাট্য নিয়ন্ত্রণ বিল প্রচলনের উদ্দেশ্য কী ? এই বিলের প্রভাব বাংলা নাটকে কীভাবে পড়েছিল তা দেখাও। ৩+৭=১০

### একক - ২

২। মধুসূদনের 'কৃষ্ণকুমারী' নাটকে কৃষ্ণকুমারী চরিত্রের সার্থকতা বিচার করো। ১০

**অথবা**

'কৃষ্ণকুমারী' নাটকের ইতিহাসের উপাদান বিষয়ে লেখো। ১০

### একক - ৩

৩। রবীন্দ্রনাথ ঠাকুরের 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটির গুরুত্ব লেখো। ১০

**অথবা**

'রাজা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

### একক - ৪

৪। বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটির শ্রেণি বিচার করো। ১০

**অথবা**

বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকের কুঞ্জ চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১০

৫। যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২=১০

(ক) নাট্য নিয়ন্ত্রণ বিল সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

(খ) "আহা! এমন রূপ কি আর এ পৃথিবীতে আছে। আবার গুণও তেমনি! যেন সাক্ষাৎ কমলা।" ১+১+৩=৫
– কে, কার সম্পর্কে এই উক্তি করেছে ? এই উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) "আমি নষ্ট হবার পথে গিয়েছিলুম" – কে, কাকে বলেছে ? বক্তার মনোভাবটি ব্যক্ত করো। ১+১+৩=৫

(ঘ) "ইজ্জৎ!! ইজ্জৎ দেখছে! জীবনটাই যেখানে বেইজ্জতের সেখানে আবার মেয়েমানুষের ইজ্জৎ!" ১+২+২=৫
– বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

———×———

লক্ষ্য বিশ্বমানস্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2019

## BNGACOR07T-BENGALI (CC7)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*The figures in the margin indicate marks of question. Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে। পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

**(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)**

### একক - ১

১। ‘মনুষ্য সকলেই সমান।’ – যে তিনজন ‘সাম্যাবতার’কে সামনে রেখে প্রাবন্ধিকের এই মন্তব্য, তাঁদের ভাবনা ও আদর্শকে বঙ্কিমচন্দ্র ‘সাম্য’ প্রবন্ধে কীভাবে ব্যক্ত করেছেন — তার পরিচয় দাও। ১০

**অথবা**

‘মনুষ্যে মনুষ্যে সমানাধিকারবিশিষ্ট–ইহাই সাম্যনীতি।’ – এই মন্তব্যের প্রেক্ষিতে ‘সাম্য’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র স্ত্রী-পুরুষের বৈষম্যের প্রসঙ্গটি যেভাবে বিশ্লেষণ করেছেন — তা’ আলোচনা করো। ১০

### একক - ২

২। ‘বিশ্বপরিচয়’-এর ‘উপসংহার’ অংশে রবীন্দ্রনাথের বিজ্ঞানসম্মত বিশ্বচেতনার যে প্রকাশ ঘটেছে তা’ আলোচনা করো। ১০

**অথবা**

‘বিশ্বপরিচয়’ গ্রন্থে ভাষার যে স্বাচ্ছন্দ্য লক্ষ্য করা যায়, তা’ বাংলা ভাষায় বিজ্ঞান চর্চায় এক অনন্য নজির। প্রাসঙ্গিক উদাহরণসহ মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

### একক - ৩

৩। ‘...প্রবন্ধে প্রমথ চৌধুরী যে রচনারীতি এনেছেন বাংলা সাহিত্যে তা নূতন।’ – পাঠ্য প্রবন্ধগুলি অনুসরণে সমালোচকের মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**অথবা**

‘সবুজ পত্রের মুখপত্র’ প্রবন্ধ অবলম্বনে সবুজ পত্র প্রকাশের উদ্দেশ্য সম্পর্কে লেখকের মতামত ব্যক্ত করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

## একক - ৪

৪। অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপন কথা' গ্রন্থটির শ্রেণি বিচার করো। ১০

**অথবা**

'এ-আমল সে-আমল' রচনায় অবনীন্দ্রনাথ ঠাকুর দুই কালের যে তুলনামূলক চিত্র এঁকেছেন তার পরিচয় দাও। ১০

## একক - ৫

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ **(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে)** ৫×২ = ১০

(ক) 'সাম্য' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র যত ধরনের বৈষম্যের উল্লেখ করেছেন তার প্রতিটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(খ) 'নক্ষত্রলোক' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'নীহারিকা'-র যে পরিচয় দিয়েছেন তার বর্ণনা দাও। ৫

(গ) 'বই পড়া' প্রবন্ধে কাব্যচর্চায় যে আনন্দ আছে তার সমর্থনে প্রাবন্ধিকের যুক্তিগুলি কী কী ? ৫

(ঘ) 'ব্যাপটাইজ' কথাটা কীভাবে অবনীন্দ্রনাথের শৈশবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠেছিল তা আলোচনা করো। ৫

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*